বিভাষ বিপ্লব (প্ৰিটিক্যাৰ উপস্থাস)

ভবিশ্বং বিশ্যব্যাপী মহাসমরের ব্যাকগ্রাউত্তে, নতুন যুগের নাযক-নায়িকার এ্যাড্ভেঞ্চারের থি লিং কাহিনী।

বাসব ঠাকুর

দাম এক টাকা

—সাহিত্য-বিপ্লবী—

মণি বাগ্চি

আশু চ্যাটাৰ্জ্জি

স্থকোমল বোস

3

বিরাম মুখার্জ্জিকে

গ্রন্থকারের অন্যান্য পুস্তকাবলী

মজন্ম

(কাব্যপোন্তাদ)

দাম ১১

সিগারেট

(গল্প কবিতা)

माय ১

পুপের লভ

(গল্প)

দাম ১১

স্থুরের কবর

(কবিতা)

দাম ১১

ইরিণা

(উপগ্রাস)

দাম ১৫/০

বহুদিন আগে যখন 'অগ্রগতি' বের কোরবার জল্পনা-কল্পনা হচ্ছিল সেই সময় 'ভবিষ্যুৎ'-এর সম্পাদক-মণ্ডলীর নিকট থেকে একটা-কিছু অদ্ভুত ধরণের কাহিনী লেখবার জন্মে আমাকে অনুরোধ করা হয়। আর সেই সময় স্থুরু করি এই ভবিষ্যুৎ মহাযুদ্ধের অনিশ্চিত ইতিহাস রচনা কোরতে। যে ধরণের সাহিত্য নিয়ে আমার মনে হয় ওদেশে আপটন সিন্ক্লেয়ার, আল্ডুস্ হাক্সলী, এইচ, জি ওয়েলস্-প্রমুখ মাত্র কয়েকজন ছাড়া আর কেউ মাথা ঘামান নি, এবং যার মধ্যে নেই বালিগঞ্জের আধুনিক তরুণ-তরুণীর সেই রহস্তময় প্রেমের কাহিনী। কাজেই জিনিষ্টী সকলের কাছেই অত্যন্তুত লাগা একটুও আশ্চর্য্য নয়। রাজনৈতিক জগতে যদিও তখনও এতদূর যুদ্ধ-বিগ্রহের সম্ভাবনা দেখা যায় নি, এবং চায়নার উপর জাপানের এতটা অধিকারের ও এশিয়ার উত্তর-পশ্চিম প্রান্তে অভগুলি জাতির সন্ধি স্থাপনারও কোনো সম্ভাবনা ছিল্পো না। যথন আমি এই কাহিনী শেষ করি তখন কোয়েটার আর্থকোয়েক ও অন্যাক্ত বহুদেশব্যাপী মারাত্মক রকমের প্রাকৃতিক তুর্ঘটনা ও বিপর্যায়ও দেখা যায় নি,

তবৃও আমার এই বইটাকে একটা অব্যর্থ ভবিষ্যৎ গণনা বোলে প্রতিপন্ন করার চেষ্টা কখনো কোরবো না। এবং যদি কেউ এটাকে একটা নিছক গাঁজার কলকের খোঁয়া বোলে উড়িয়ে দিতে চান—তাতেও আশ্চর্য্য হবার কিছুই নেই। তবে ভবিষ্যৎ সম্বন্ধে আমার এই অদ্ভুত অভিমতের সঙ্গে পাঠক-পাঠিকার মনে যদি কোথাও একটু যোগ-সূত্র স্থাপিত হয়, সেইটাই আমাকে খুসী কোরবে।

গ্রন্থকারের কবিতা সম্বন্ধে কয়েকটি পত্রিকার মতামত

একজন সন্থ টাটকা অখ্যাত তরুণ কবির হাত দিয়ে এমন রসধার। বইবে এ একেবারেই আশা করি নি। একেবারে নতুন ভাবধারা, নতুন বলবার ভঙ্গি। প্রাণের অস্তরতম প্রদেশে এসে কথাগুলি আঘাত করে। অসীমের প্রতি কবির একটা গভীর আকর্ষণ আছে। সব কিছু বিরাট, বিপুল রুদ্র আবহাওয়া তার মনকে আচ্ছন্ন করে রেখেছে।

(थग्रानी, ১७৪১।

His philosophy of wine and women resembles almost like Omar Khayam and be it said to his credit that his expressions have the same charm and sweetness as we see in the poems of this famous Persian poet. The concluding piece is so beautiful in expression and imagination that it surpasses all the modern poet of Bengali literature.

Advance, 7th June, '36.

The book under survey comes from the pen of a young poet of modern Bengal and it sings the eternal song of love and passion in such a mellifluous tone that it at once captures the heart of every romantic person.

Our young poet has undoubted powers.

Amrita Basar Patrika, June, 24th '36.

···বৈচিত্র্যময় অজ্ঞানার পানে ছুটিবাব নেশা তরুণ কবির মনে যে প্রেবণ। জাগাইয়া তুলিয়াছে তাহা সার্থক হউক.।

প্রবর্ত্তক, ভাস্র ১৩৪২।

···কবির সহজ কবিত্ব শক্তি আছে···

শনিবারের চিঠি, অগ্রহায়ণ ১৩৪২।

The poems from the pen of the young author have a touch of novelty. The rythmic expression of the feelings gives pleasure to the reader.

Forward, Monday, January 14. 19. 35.

আমরা এই ভাবৃক কবির শ্রীবৃদ্ধি কামনা করি। প্রদীপ ১৩৪২।

···লেপক সাহিত্যক্ষেত্রে নতুন হইলেও কবিতাগুলি নতুন হাতের লেখা নয়···

(मन, वह याघ २०८२।

···সত্যের থাতিরে একথা বলিতেই হইবে, লেখকের লিখিবার ক্ষমতা আছে···

(मन, २३) कांचन, ५७८२।

বর্ণনাশক্তি এত সহজ যে বর্ণনাহ্যায়ী স্থানগুলে। যেন চোথে বুডিপর ভাসিতে থাকে।

শান্তি, ১৩৪১।



সহর থেকে বহুদূরে একটা অদ্ভুত নির্জ্জন যায়গার উপর বাড়িটা তৈরী, না আছে একটা রাস্তা, না আছে; কিছু, কেবল উচু নিচু এবড়ো থেবড়ো মাটির উপর দিয়ে দেখা যায় একটা ক্ষীণ পায়ে চলার চিহ্ন বাড়িটীর আধ্-ভাঙা ফটকের কাছে এসে শেষ হয়ে গেছে।

ছিতীয় বিপ্লব

সেই ব্রিটিশ গভর্ণমেন্টের আমলে কোন এক অতীত কালে যে এবাড়ির দেয়াল উঠেছিল তা কেউ ঠিক ক'রে বলতে পারে না।

তবে এক সময় এইখানেই ছিল সহরের চক আর এ দিকটাতে যে একটা বেশা পল্লী ছিল ভাও বেশ অনায়াসেই অনুমান করা যায়। তারপর সহরের সঙ্গে সরতে সরতে আজকাল সব কিছুই অনেক দ্রে পৌছে গেছে।

এখনো চার পাশে দেখা যায় অতীতের সেই সব বস্তিগুলোর ত্'একটা বাড়ির আধ-ভাঙা থাম, নয়তো বারান্দার ক'একটা খুঁটি এপাশে ওপাশে ইতস্তত ছড়িয়ে রয়েছে।

বহুদিন আগে কবে একবার পাঁচ ছয় জন জাপানী
মেয়ে ঐ আধ্-ভাঙা বাড়িটারই কোনো একটা ঘরের
মধ্যে অত্যন্ত অভুতভাবেই মারা যায়। তারপর থেকেই
লোকদের ধাবণা ঐ সব মেয়েগুলোর অশরীরী
প্রেতৃাত্মারা নাকি ঐথানেই আড্ডা গেড়ে আছে।
আরু সত্য সত্যই যে সব পুলিশ পার্টি আজ অব্ধি
ওথানে তদন্ত কর্ত্তে এসেছিল, তাদের মধ্যে সকলকেই
নাকি অন্ধ হয়ে ফিরে আসতে হয়েছে। এবং তাদের

মুখেই হয়তো একটু অতিরঞ্জিত হয়ে বাড়িটায় প্রেতাত্মাদের আধিপত্য সম্বন্ধে অনেক সব ভয়াবহ কাহিনী রটনা হয়ে যায়। তাই জাপানী মেয়েগুলোর মৃত্যুর ব্যাপারটা আজ অব্ধি একটা গভীর রহস্তের মধ্যেই অনাবিষ্কৃত রয়ে গেছে।

এই ঘটনার পর থেকে সদ্ধ্যের সময় লোকজন এপথে যাতায়াত কত্তে গেলে রীতি মতন ভয় পেতে আরম্ভ করে; এমন কি শেষকালে দিনের আলোতেই ওবাড়ির ত্রিসীমানায় আসতে হ'লে লোকে বেশ ভয় পেয়ে যেতো।

এক এক দিন রাত্রিতে নাকি পাড়ার লোকের। শুনতেও পেত অন্ধকার বাড়িটার মধ্যে কতকগুলো অদৃশ্য রহস্থময় জীব যেন চাপা গলায় হাসাহাসি কচ্ছে।

তারপর নতুন গভর্নেটের হাতে শাসন ভার এলে সহর এখান থেকে অনেক দূরে স'রে যায়। আর সেই জন্মই এখন এদিকে কারুর আসবার বড় একটা প্রয়োজন হয় না।

"তোমাকে শুধু ভালবাসার অভিনয় করতে হবে

দিভীয় বিপ্লব

—কিন্তু কাউকেই তুমি ভালবাসতে পারবে মা, এই তোমার ব্রত।—

ও কি! সেজতো অমন বিষয় হয়ে পড়ছো কেন ? ভালবাসা! হোঃ হোঃ হোঃ, ওর মতন ফাঁকি জিনিষ আরও কিছু আছে না কি? বোকা মেয়ে!

যদি সত্যি সত্যিই পৃথিবীর সম্রাজ্ঞী হতে চাও তাহ'লে হতে হবে স্নেহহীন, প্রেমহীন, নির্ম্বম, নিষ্কুর; আর সত্যি মিথ্যের ভেদাভেদ ভূলে গিয়ে কেবল তোমায় অভিনয় ক'রে যেতে হবে।

—যাও, আর দেরী কোরো না—য়্যাডল্ফের সঙ্গে প্রেমের ভাগ ক'রে তাকে আমাদের দলের মধ্যে আনতে হবে।—

—বিহ্যতের মতই চোথ ঝল্সান রূপ নিয়ে কালো রেন্কোট-পরা একটা লম্বা মেয়ে সাম্নের অন্ধকার ঠেলে রাত্রির রহস্থের মধ্যে অদৃশ্য হ'য়ে গেলো।

বৃদ্ধ এবার তার নীল চশমাটা একবার চোখের উপর থেকে কপালে উঠোতেই দেখ্তে পেলো—

দিতীয় বিপ্লব

সামনের আকাশ ঘন মেঘের কুহেলিকায় থেকে থেকে



ফেণিয়ে উঠ্ছে, মাঝে মাঝে এক একটা প্রচণ্ড ঝোড়ো

দ্বিতীয় বিপ্লব

হাওয়ার ঝাপটা লেগে অদ্বে ভেঙে পড়ছে বড় বড় গাছের এক একটা ডাল, আর সেই সঙ্গে বাতাসের ঘূর্ণী-নাচের তালে তালে চারিদিকে ছিটকে পড়ছে র্ষ্টির জলের সঙ্গে সাদা সাদা মুক্তোর মতন ছোট ছোট বরফের টুকুরো।

প্রকৃতির এই রুদ্র মৃর্ত্তির সঙ্গে স্থুর মিলিয়ে বৃদ্ধ একবার পৈশাচিক ভাবেই হেসে উঠলো...

"সত্যি, এই ছুর্য্যোগের ভিতর তুমি কি করে এলে ? আচ্ছা, তোমার কি একটুও ভয় কর্ল না, ইন্দ্রানী ?"

"ভয় ! ও কথা কেন জিজ্ঞেস্ কর্ছো য্যাডলফ্ ? ভয় করবার সময় কি এখনও আমাদের আর আছে ?—

তোমার পূর্ব্বপুরুষেরা গত গ্রেট ওয়ারের পর রিপাবলিকান্দের ষড়যন্ত্রে পড়ে' রাজ্যহারা হয়, তারপর সামাশ্য এক কুটিরের মধ্যে বাস্ কোরে, জঙ্গলের কাঠ কেটে তাই বিক্রী কোরেই তাদের বাকী জীবন শেষ কর্ত্তে হয়েছিলো...তুমি কি এর প্রতিশোধ নেবে না, য়্যাডলফ।" "প্রতিশোধ! হ্যা, প্রতিশোধ আমি নেবো, তাই ত উচিত। আর আমার মনে হয় গত মহাযুদ্ধের পর যে সব বিশিষ্ট ব্যক্তিরা অপমানিত
হয়েছে, তারাই বোধ হয় সামনের এই বিশ্বব্যাপী
সমরাভিয়ানে আবাব প্রভুত্ব কর্বার ক্ষমতা ফিরে পাবে।—

ই্যা ঠিক বলেছো তুমি, প্রতিশোধ আমাকে
নিতেই হবে। কিন্তু আমি যে ভেবেই পাই নে, কি
ক'রে আমরা এর পথ করবো ? কিই বা আমাদের
আছে? আমি শুধু ইউরোপের এক রাজ্যহীন, রাজার
বংশধর—এই ত আমার পরিচয় ?''

"দেজন্ম ভাবনা নেই। আমাদের দলে লোকজনের কখোনো অভাব হ'বে না। শত শত অপমানিত লোক,—রাজ্যহীন রাজা থেকে আরম্ভ ক'রে, যত সব বিতাড়িত বিভিন্ন দেশের জেনারেল, মিনিষ্টার আর য্যাস্থ্যাদেডরদের নিয়ে আমরা যে দলকে গড়ে তুলেছি, তারই মধ্যে তোমাকে স্থধু আস্তে হবে। যুদ্ধের উপকরণকে কেউই আমরা ভয় করি নে—

এছাড়া বৃদ্ধের আবিষ্কৃত ব্লুটর্চের সাহায্যেই ত লক্ষ্ণক্ষ্ণাকের চোখ নিমেষের মধ্যেই অন্ধ ক'রে

দিতীয় বিপ্লব

দেওয়া যাবে। আর এটুকুন জেনো—তৃমি আর আমি ছজনে মিলে সত্যি সত্যি যদি চেষ্টা করি তা'হলে এই বিশ্ব সমরের স্থযোগ নিয়ে সমস্ত পৃথিবীর উপরেই আমরা প্রভুষ করতে পারবো।"



— 'সমস্ত পৃথিবীর উপর প্রভুষ! এযে সত্যিই কল্পনাতীত আশা! আমাকেও তা'হলে তোমাদের সেই

দলের মধ্যে নাও। বল আমায়, তার জভ্য কি করতে হবে, রাণী !"

—"কিছুই কর্বার নেই, য়্যাডলফ্। শুধু ঘুণাক্ষরেও যেন প্রকাশ না হয় যে—পরস্পার পরস্পারকে আমরা ভালবাসি, আর বলি শোনো—সহরের শেষ-প্রান্তে সেই প্রকাণ্ড পোড়ো বাড়ীটা—যার ভিতর পাঁচ্ছ'টা জাপানী মেয়ে হঠাৎ একদিন রহস্তজনক ভাবে খুন হ'য়েছিল, তারই তলায় আমাদের আণ্ডার গ্রাউণ্ড আড্ডাখানা।—

দক্ষিণ দিকের দরজায় এসে সাম্নের দেওয়ালে একটা গর্ত্ত দেখতে পাবে, সেই খানেই একটা স্প্রিং-এর তৈরী নীল রঙের বোতাম আছে সেইটা টিপলেই কেউ না কেউ তোমাকে ভিতরে নিয়ে আস্বেই। প্রতিদিন গভীর রাত্রিতে ওইখানেই আমাদের যত কিছু গোপন পরামর্শ তার সব কিছুই করা হয়। আর পৃথিবীর নানান্ যায়গায় আমাদের অক্যান্থ আড্ডাগুলোর সঙ্গে ঐ খান থেকেই ত ওয়্যারলেসের সাহায্যে কথা বলাবলি চলে।—

আর ঐ আগুার গ্রাউণ্ড ঘরের মধ্যে নিত্য নতুন

দিতীয় বিপ্লব

খবর ছাপিয়ে পৃথিবীর নানান্ যায়গায় ডেস্প্যাচ্ও করা হয় এখান থেকে, অবাক হ'য়ে যাচ্ছ বৃঝি গ''

- ''না অবাক নয়! তোমাদের বুদ্ধিকে আমি কি ক'রে তারিফ্ করবো তাই ভাবছি। আর সত্যি, তুমি পৃথিবীর সমাজী হবার উপযুক্ত মেয়ে!"
- —"কিন্তু যাক্, সে কথা।—আচ্ছা, আমরা তুজনে যদি একসঙ্গে চেষ্টা করি, তা হ'লে এই এসে-যাওয়া অতি-মহাযুদ্ধের স্থযোগ নিয়ে সত্যিই কি আমরা পৃথিবীর উপর কর্তৃত্ব করতে পারবো না মনে কর। বলো, তথন কি দিয়ে কেমন কোরে তুমি, আমায় সাহায্য করবে য়াডলফ্ ?"
- —"শুধু সাহায্য! দরকার হ'লে তোমার জন্ম আমি প্রাণ দিতেও দ্বিধা বোধ করবো না। বিশ্বাস হয় না বুঝি ? এস তবে, তোমার ঐ গালের উপর আমার এই ঠোঁট ছুঁইয়ে আজ প্রতিজ্ঞা করি....."

"না—না—এখন নয়। আমাকে সারা পৃথিবীর সম্রাজ্ঞী করবার আগে এ গালের উপর তোমার কোন অধিকার নেই—বিদায়....."

কিছুদিন আগে অবধি সমাজ ও সাম্রাজ্যন্তোহী

মন নিয়ে সমস্ত ছনিয়াব্যাপী একটা আশু পরিবর্ত্তনের জন্যে যারা যারা চারিদিক দিয়ে একটা নিবিড় আন্দোলন সুরু করেছিলো, সেই সব কমিউনিষ্ট ডিক্টেটরেরা এক একে একে সকলেই এখন মিউচুয়াল সহায়তায় এক একজন নতুন মনার্ক হ'য়ে দাঁড়িয়েছে। আর সেই জন্মেই ধনী ও দরিজের তফাৎ আরও বেড়ে যাওয়ার ফলে—ক্লাস্ হেট্রেড হ'য়ে উঠেছে চতুগুর্ণ। কিন্তু তার চেয়ে বেড়ে উঠেছে, প্রত্যেক জাতির মধ্যেই পরস্পরের উপর একটা বিষিয়ে উঠা ঘূণা। ইন্টারক্তাশালিজিমের বুলি সেখানে বুদ্বুদের মতন ফেটে গিয়ে হাওয়ার মধ্যে মিলিয়ে গেছে।

এদিকে টেষ্ট টিউব বেবি সম্বন্ধে বহু রক্ষম একস্-পেরিমেন্ট ক'রে ক'রেও বারবার আনসাক্সেস্ফুল হ'য়ে ক্লান্ত মানুষ এ নিয়ে আর মাথা ঘামাতে প্রস্তুত নয়। যারা যারা কল্পনা করেছিল, এই টেষ্ট টিউব বেবিরাই একদিন মানুষকেও হার মানবে, তারাও তাদের কল্পনায় এবার ইস্তুফা দিয়েছে। আরো একটা আশ্চর্য্যের বিষয় একেবারে কলের তৈরি মেকানাইস্ড ব্রেণের লোক দিয়ে একটা প্রোপ্রি নতুন যুগ আনবার অথবা জগতকে জনমানব শৃশু করবার যে দারুণ চেষ্টা চলে-

大学は、小学の、一年から

দ্বিতীয় বিপ্লব

ছিল, তার গোড়াতেই প্রধান অন্তরায় হ'য়ে উঠলো সেই সব মেয়েদেরই দল, যারা ক্ষণিকের জন্মও মাতৃত্বের আঘাত সহ্য কর্ত্তে আপনা হতেই একদিন বিমুখ হয়ে উঠেছিল। কারণ মাতৃত্বের সামান্য যন্ত্রণার অন্তরালে যে একটা অজানা গভীর আনন্দ লুকিয়ে থাকতো তার অভাবে তখন মেয়েদের জীবনগুলো যেন মরুভূমির মতই শুক্ত হ'য়ে আসছিল। কিন্তু তবুও সায়ান্সের গর্বের গর্বিত মান্থুযের দেশে বিধাতার উপর অবিশ্বাস, অধর্ম এবং প্রস্টিচিউশানের প্রসার অসম্ভব রকমই বেড়ে চলেছে।

এদিকে জাপান মাঞ্রিয়া দখল ক'রে নৈবার পর রাশিয়া দখল ক'রে নিয়েছে মোঙ্গলিয়া! আর বহুরকম খ্রীগ্লিঙের মধ্য দিয়ে এদেশ তখন হ'য়ে গেছে স্বাধীন। অহ্য সব দেশেরা ইংরেজদের এই হুর্ভাগ্য দেখে অত্যস্ত সম্ভষ্ট চিত্তে—কখন যে এই নৃতন রাষ্ট্রশক্তি ভারতবর্ষের ঘাড়ের উপর লাফিয়ে পড়বে তারই অপেক্ষায় এতদিন ওং পেতে ছিল; কিন্তু যখন দেখা গেল ভারতের মহিলা ডিক্টেটারটা এশিয়ার অহ্য সব পাওয়ারগুলির সঙ্গে চুক্তি ক'রে ফেলেছে এবং রাশিয়াকে অবধি দলের মধ্যে টেনে এনে এসিয়া ভারসেস্ ইউরোপ একটা

ওয়ার লাগাবার তালে আছে, তখন সকলেই নিজের নিজের ভূল বুঝতে পারলো এবং মনে মনে সবাই একথা মেনে নিলে যে ভারতবর্ষ এখনও একেবারে কাঁঠালটি না হলেও দস্তুর মতন এঁচড়ে পাকা। * * *

ঠিক এম্নি সময় এক দিন ভোর রাত্রে আণ্ডার গ্রাউণ্ড আড্ডাখানার একটা নিভৃত ঘরের ভিতরে এসে য়্যাডল্ফ ধরা গলায় ডাক্লে—

"বাণী"

- —"কি ?"
- "কাজ নেই আমাদের বিশ্বজয়ের কল্পনা ক'রে, তার চেয়ে চল পৃথিবীর আর এক প্রান্তে গিয়ে—এবার আমরা নৃতন ক'রে বাসা বাঁধি। সমস্ত পৃথিবীর চেয়ে তোমার মূল্য যে আমার কাছে অনেক খানি বেশী।"

"য়্যাডল্ফ, চুপ কর। তোমার যদি থৈর্য্য না থাকে আমাদের দল থেকে এই মুহূর্ত্তেই বেরিয়ে যেতে পারো; কিন্তু এদলের বাইরে যাবার শাস্তিও ত তোমার অজানা নাই নেই য়্যাডল্ফ!—তা' হ'লে এই আণ্ডার গ্রাউণ্ড চেম্বারের মধ্যে ব্লু টর্চের আলোতেই

দ্বিভীয় বিপ্লব

ভোমার চোথ ছটোকে যে রেথে যেতে হার, এও ত ভূমি জান। না—না—সত্যি ভূমি যে-ও-না—"

— "কি বল্লে? তবে কি শুধু একস্প্লয়েট্ করবার জন্মই মায়াবিনীর মতন আমাকে এখানে ভুলিয়ে



এনেছিলে ? তা' হলে তুমি আমাকে একটুও ভাল-বাসোনি ? ও:।"

— "ভূল বুঝো না, য়্যাডল্ফ! তোমাকে আমি

ভালবেসেছিলুম্ কিনা তা আজ বলবো না কিন্তু কাপুরুষকে ভালবাসতে আমি জানি নে।"

"তবে তাই হ'ক্! এসো এই মুহুর্ত্তেই চলে' এসো! আমার এই নৃতন গ্যাস্ বম্বের সাহায্যে— এসো তবে—স্বজাতি ও বিজাতিকে আজ নির্কিশেষে আমি ধ্বংস ক'রে আসি। এরোপ্লেন্ তৈরী রয়েছে।"

"দাঁড়াও, ব্যস্ত হোয়ো না। আন্অর্গানাইজড ভাবে কতকগুলা বম্ব ছুড়লে নিজের লাইফকে রিস্ক করা ভিন্ন আর কিছুই লাভ হবে না।"

"তবে কি কর্তে হবে তাই বলো। বলো, কি কর্লে আমাদের ব্যবধান ঘুচবে, সত্যি আর যে পার্ছি নে—এর চেয়ে মৃত্যুও যে অনেক ভাল ছিলো।"

- —''সেন্টিমেন্ট রাথো। ভিয়েনায় ওয়ৢার্লেস্
 কর্বার কথা কি একেবারেই ভুলে গেছ নাকি ?''
 - —"ও তাই ত,—তাই ত। আচ্ছা যাচ্ছি।"

বল্তে বল্তে নিতাস্ত অপরাধীর মতই য়্যাডল্ফ ও পাশের ঘরের একটা অন্ধকার দরজার অস্তরালে অদৃশ্য হয়ে গেল।

—"কে বরিস্ না কি ?—খবর সব ভাল ত ?

দিভীয় বিপ্লব

- -"হ্যা, খবর ত কিছু মন্দ নয়, তাবে রাণি, বুঝতেই ত পার, কি রকম বিপদের বেড়া টপকে আসতে হয় আমাকে—স্টেটের একটা সাবমেরিন নিয়ে অতি সম্ভর্পণে পৌচেছি এখানে চোরের মতন-কিন্তু আর কত কাল এই আলেয়ার আশায় এম্নি ক'রে আমায় ঘোরাবে বলত ? না—আজ কিন্তু আর শুনছি নে, এসো—। এখনই চলে' এসো। আমি একাই রাশিয়ার সমস্ত গভর্ণমেন্টকে আপসেট ক'রে দিতে পারবো।—বোকা জাত। একবার অপমান করবার পর আবার আমায় ওয়ারের মিনিষ্টার করেছে !...তারপর বলবো তোমায় আমার স্কীম ?—সমস্ত পৃথিবীর উপর আমরা অধিকার পাবো সত্যি, কিন্তু সে শুধু তুমি আর আমি। এ দলের জন্মে এখন আর ভয় করি নে; তবে চুরি কর্বব ঐ ব্লু টর্চচ। তার পর এই রাশিয়া, জাপান, ইণ্ডিয়া, ক্রমশঃ সারা এশিয়া তারপর.......ঁচা, আর দেরী করলে চলবে না।"
- "কিন্তু বরিষ! বিশ্বজ্ঞরের কল্পনায় তুমি পাগল হ'য়ে গেছো দেখছি। তুমি কি ভুলে গেছো ভোমার প্রতিজ্ঞা?"
 - "না, পাগল আমি হই নি, প্রতিজ্ঞাও আমার

মনে আছে; কিন্তু আর আমার ধৈর্য্য নেই। তোমার সৌন্দর্য্যের মায়া-মূগের পিছনে আর আমি ঘুরে বেড়াতে পারবো না। এবার আমায় ধরা দাও— এসো আমার সঙ্গে!"

- "অসম্ভব বরিস্! তোমার জন্ম ভুলতে পার্বো না আমার এই ব্রত। ইচ্ছে হয় তুমি যেতে পারো এ'দলের বাইরে। তারপর সাক্সেস্ফুল হও ত ফিরে এসো, তখন আপনা হতেই ধরা দেবো।"
- "আচ্ছা তবে তাই হবে। ই্যা সেই ভাল।
 কিন্তু এ'টুকুন মনে রেখো—যে একদিন আমি তোমাকে
 পাবোই পাবো।"
- —"কিন্তু বরিস্, ভূলে যেওনা, পালাতে কৃতকার্য্য না হওয়ার পর তার পরিণামের কথা।"
 - —"আচ্ছা! আচ্ছা! তাও দেখা যাবে।"

এর পর 'ও', 'ও'র পর 'সে'—এমনি ক'রে দিনের পর দিন এক একজনের আবেদন শুন্তে শুন্তে ইন্দ্রানী ক্লান্ত হ'য়ে ওঠে। প্রেমের অভিনয় ক'রে পৃথিবীর এক এক জায়গা থেকে এক একজন অপমানিত লোক

দ্বিতীয় বিপ্লব

নিয়ে যে দলের দেয়াল ওরা গড়ে' তুলেছিলো, তাকে



যে আর বেশী দিন টিকিয়ে রাখা চলবে না, একথা বুঝতে আর বাকী থাকে না।

একথা সকলেই বৃকতে পারে যে—যে আইডিয়া

নিয়ে পৃথিবীর বিরুদ্ধে ওরা ষড়যন্ত্র করেছিলো তার
মূলে এবার সত্যি সত্যি ঘুণ্ধরে' গেছে।—

কিন্তু সেই সঙ্গে মনে মনে 'ও' অমুভব করে যে

—কল্পনা কর্তে কর্তে সার। পৃথিবীর সম্রাজ্ঞী হবার
একটা দারুণ উচ্চাক জ্বনা একান্তভাবেই আজকাল
ওকে যেন পেয়ে বসেছে।

ওর মনে হয়—সভ্যি একদিন ওকে সম্রাজ্ঞী হ'তে হবে, নিতে হবে ওকে সমাজের উপর প্রতিশোধ—যে সমাজের অবজ্ঞা ও ঘৃণার মধ্যেই হয়েছিলো ওর জন্ম। আর সেই দৃঢ়তার মধ্যেই ডুবে যায় ওর সৌনদর্য্যের চেতনা, ওর যৌবন, এমন কি, 'ও' ভুলে যায় যে 'ও' নারী! আর তখন পাষাণের মতই নির্ম্ম ও কঠিন হ'য়ে উঠে ওর বুক।

সন্ধ্যার অন্ধকার লেগে সাম্নের আকাশ হ'য়ে উঠেছে যেন কয়লার মতই কালো; আর তারই মধ্যে দিয়ে ষ্টেটের ছ' একটা এরোপ্লেন্ গুম্ গুম্ শব্দ ক'রে মাঝে মাঝে আনাগোনা কর্ছে—এদিক থেকে ওদিক্।

আলোহীন ঘরের ভিতর থেকে বৃদ্ধের গলার আওয়াজ পাওয়া যাচ্ছিল—

দ্বিতীয় বিপ্লব

"এদের স্বাইকে এবার একে একে শেষ ক'রে দিলেই চলবে; কিন্তু এবারকার আমাদের স্কীমটা নষ্ট হ'য়ে গেল, এই যা—কিন্তু তাতে ত্বংথেরই বা কি এমন আছে? আবার আমাদের কাজ আরম্ভ কর্ত্তে হবে। নিরাশ হবার কিছুই ত নেই।"

ইন্দ্রানী প্রশ্ন করলে—"কিন্তু এদের সবাইকেই কি অন্ধ ক'রে শাস্তি দেবার দরকার আছে গু''

"এবারে আর শুধু অন্ধ ক'রে নয়—কর্তে হবে খুন।—ও কি! চীৎকার ক'রে উঠলে যে? ভয় পাচ্ছো? কিন্তু ভেবে দেখো, যখন এক একটা ছোট ছোট দেশের মধ্যেই যুদ্ধ বাধে তখনই কত লক্ষ লক্ষ মানুষকে পিপড়ের মতই দলে' দিয়ে যেতে হয়। তাই যদি তুমি সমস্ত পৃথিবীর সম্রাজ্ঞী হ'তে চাও, তাহ'লে হ'তে হবে নির্দ্মন, হ'তে হবে নির্চুর, ভুলে যেতে হবে যে তুমি নারী। এত ছর্বল হ'লে ত চল্বে না!"

"কিন্তু এদের সবার সক্ষেই যে আমি প্রেমের অভিনয় ক'রেছিলাম আর এদের সকলেই হয় ত সত্যি সত্যি আমায় ভাল বেসেছিল। একথা আমি কি ক'রে ভূলবো ?" "কিন্তু ভূলতে হবে,—ভূলতে হবেই—এই যে আমাদের ব্রত।"

"যাক্, আজ আমাদের শেষ ভিক্টিম্ এ্যাডলফকেও রক্তের স্রোতে ভাসিয়ে দিয়ে এলুম।"

ইন্দ্রানী বিজ্ঞপের স্বরে জিজ্ঞাস। করলে—
"আরও কেউ বাকী আছে নাকি !"
বুদ্ধের কাছ থেকে জবাব এলো—"না"
"ভাহলে সব শুদ্ধ ক'জন হলো !"
"তিনশ একুশ।"

"যাক, ভালই হয়েছে। আজ যেন মনে হচ্ছে—
সত্যি আর আমি নারী নই। মনে হচ্ছে আজ আমি
পাষাণ! আজ ব্ঝলুম—কতবড় অর্থহীন এই প্রেম,
কিন্তু তবুও তিনশ একুশ জনের সকলেই হয়ত আমাকে
ভাল বেসেছিলো। এইটেই আশ্চর্যা!"

বৃদ্ধের ঠোঁটে একটা চাপা হাসির টেউ খেলে গেল—"বোকা মেয়ে, পাষাণ ভিন্ন আর সবাই যে ধ্বংস হ'য়ে যায়। যদি আমাদের বাঁচতে হয় তবে যে পাষাণই হ'তে হবে। তা ভিন্ন তো উপায় নেই, সামনের এই গ্রেটগুয়ারের কি আর শেষ আছে! বিজয়ী বা প্রাজিত বলতে কাউকেই বোধ হয় আর

দ্বিভীয় বিপ্লব

বেঁচে থাকতে হবে না। আমাদের এই দলের।ও আর



কোন প্রয়োজন ছিল না। নতুন আর কোন দলও

বোধ হয় গড়ে' তোলবার আর দরকার হবে না—দেই
জক্মই ত ওদের খুন ক'রে দিয়েছি। যুদ্ধের বারুদ,
গ্যাদের বোমা, আর মেসিন গানের হাত থেকে
নিজেদের যারা বাঁচিয়ে রাখতে পারবে তারাই
শুধু হবে এই পৃথিবীর মালিক। কিন্তু সে রকম লোক
মাত্র ক'জন থাকবে সেইটাই সন্দেহ। মানুষের রক্তে
রক্তে দিন দিন এখন ধ্বংসের নেশা নিবিড় হ'য়ে উঠছে।
কয়েক শ' মাইল অবধি উদ্ধি আকাশ গ্যাসের চাপে
বিষাক্ত হ'য়ে উঠবে। কাজেই বাঁচতে হ'লে ঘূণিত
ইত্রের মতই শেষকালে মাটার মানুষকে আশ্রয় নিতে
হবে এই মাটার তলাতেই। আর সেই জক্মই ত এ
নতুন মাটা-কাটা কলটা আবিদ্ধার কর্বার চেষ্টা কচ্ছি।
কিন্তু ও কি ? কিসের একটা শন্দ হ'ল বলতো ?"

তৃজনেই ওরা শুন্তে পেয়েছিলো—ওধারে মাটির উপরে একটা ভারি জিনিষ পড়ে' যাবার শব্দ; আর সেই সঙ্গে যেন একটা মানুষের চীংকার। অন্ত পদে বাইরে এসে ই স্রানী দেখ্তে পোলা একটা জিপসি ক্লাইংবোট

ৰিভীয় বিপ্লব

সামনের জমির উপর কুজ্ড্ হয়ে প'ড়ে, একবারেই চ্রমার হ'য়ে গেছে। আর তারই কাছে আন্কন্সাস্ ভাবে প'ড়ে আছে একজন পাইলট। তবে তথমও মনে হ'ল লোকটা যেন মরে নি। আর সেই সঙ্গে আকাশের দিকে চাইতেই ওর নজরে পড়ল—আরও ছটো ছোট ছোট গানার প্লেইন ওদের দিকেই লক্ষ্য ক'রে ছুটে আসছে। ব্যপারটা বৃষতে আর ওর বাকী রইলোনা। ও বেশ স্পান্ত করেই বৃষতে পার যে ঐ ছটো প্লেনই এতক্ষণ লোকটাকে চেইজ্ কচ্ছিল। তাই আর মুহূর্ত্ত মাত্র দেরী না ক'রে লোকটাকে এক রকমটানতে টানতেই ভেতরে এনে দরজাটা "ও" চট ক'রে বন্ধ ক'রে দিলো।

এদিকে আকাশের প্লেইন ছটো অন দি স্পষ্ট নাব্বার জন্মে দক্ষিণ দিকে যেই একটা টারন্ নিলো, ঠিক সেই সময় দরজাটা আর একবার একটু ফাক ক'রে কালো গ্লাব্স পরা একটা অমান্থবিক হাত হঠাং আকাশের দিকে লক্ষ্য ক'রে মৃহুর্ত্তের জন্ম একটা নীল আলো জ্লেলেই আবার ভিতর থেকে দরজাটা বন্ধ ক'রে দিল।

সঙ্গে সঙ্গেই দেখা গেলো ছটো গানার প্লেইন্

অন্ধের মতই পরস্পরের সঙ্গে কলিদন ক'রে আগুন লাগা অবস্থায় মাটির উপর আছাড় খেয়ে পড়্ছে।

জাপানের নয়েস্লেস্ মেসিন্গানের পাল্ট। জবাব স্বরূপ ইটালীতে ফ্লোটিং ট্যাঙ্ক তৈরী হয়েছিল; কিন্তু আমেরিকা শেষকালে এক অন্তুত ডাইভিং এরোপ্লেন্ তৈরী ক'রে সকলকেই টেকা দিয়ে দিলো।

এদিকে জেনিভার পিস এগ্রীমেটের পর অন্ত্র শস্ত্রের কারথানা করবার একটা সীমা নিদিষ্ট হ'য়ে গেছিলো ব'লে, জার্মানী তার ওষুধের কারথানার মধ্যে এমন একটা নৃতন গ্যাস আবিষ্কার ক'রে ফেললে যাতে ক'রে সমস্ত ইয়োরোপের উপর এক ঘন্টা ছাব্বিশ মিনিটের মধ্যেই আগুন ধরিয়ে দেওয়া যায়। গ্যাস্ মাস্কের কোন ক্ষমতাই যার কাছে আর নেই! রিস্ত অন্থবিধা হচ্ছে এই যে সেই সঙ্গে জার্মানীও হয়ত বাদ যাবে না।

এরপর ইংলপ্তে তৈরী হলো ফ্লাইংট্যাক্ক যা

দ্বিভীয় বিপ্লব

জলের উপর ভাস্তে ত পারেই তা ছাড়াও দরকার হ'লে উড়তেও পারে, বিলিতি মিনিষ্টাররা কৃত্রিম যুদ্ধের মাঠে এই বিচিত্র ট্যাঙ্কের ডিসপ্লে দেখে মনে মনে খুব একটা আত্মপ্রসাদ লাভ করলো।

এদিকে ভারতবর্ষে এমন একটা হাউই আবিষ্কার হলো যাতে করে' পঁচিশ হাজার মাইল দূরেও যে কোন সহরের উপর আড়াই ঘন্টার মধ্যেই গ্যাস্বম্ব্ ছোড়া যায়।

কিন্তু একটা কিছু নৃতন জিনিষ আবিকার হবার সঙ্গে সঙ্গেই সমস্ত পৃথিবীময় তার নকল করার ধুম পড়ে' যায়। তা সে যে কোন দেশের যে কোন নিভ্ত কর্ণারেই হ'ক না কেন! এক এক দেশের এক এক ডিক্টেটার নিভ্য নৃতন মভলব্ আঁট্তে থাকে; কিন্তু তাও বার বার ফেঁসে যায়। ডজন্ ডজন্ পিস্ এগ্রীমেন্ট্লক্ষ বার নষ্ট হয়ে গেছে, তবুও আবার পিস্ টক চলতে থাকে।

• ক্রমশঃ আকাশের উপর মানুষের অধিকার বাধাসীন হ'য়ে উঠ্লো। এমন কি এরোপ্নেন চালাতে গেলেও মানুষের আর প্রয়োজন হয় না। ষ্টেটের বেডিও কন্ট্রোলড্ দেল্ফ বৃদ্ধি এরোপ্নেনগুলো আকাশের উপর ছেড়ে দিয়ে ওয়ার লর্ডরা মক্সা দেখতে থাকেন।

তব্ যন্ত্র গর্বের গর্বিত মান্নুষের স্বপ্ন যে আকাশের উপর একদিন চিরস্থায়ী বাসস্থান নির্মাণের আশায় উল্লসিত হ'য়ে উঠেছিল, সেই মানুষই এখন আকাশকেই সব চেয়ে বিপদ সঙ্কুল মনে করে' মাটির তলাতেই নিরাপদ আশ্রয়ের আশায়, গুপুভাবে তুর্গ খননের ব্যবস্থা কর্প্তে থাকে, আর নিউডিসম্-এর নামে প্রকৃতির সঙ্গেছ ছদ্ম বন্ধুত্ব ক'রে প্রকৃতিকেই জয় কর্প্তে চেয়েছিল যারা, তারাও এখন ব্যাক-টু দি-নেচার মূভ্যমন্টের বদলে আত্মরক্ষার খাতিরে পড়েই বাধ্য হয়ে কঠিন ইম্পাতের বর্ম্ম ব্যবহার কর্প্তে আরম্ভ ক'রে দেয়।

এর পরেও অনবরত এক্স্পেরিমেণ্ট চলায় রেডিওর উন্নতি শেষকালে টাইম এণ্ড স্পেসের বাধাকেও প্রায় অতিক্রম ক'রে ফেল্লে। যাতে ক'রে একদিন এমন একটা নৃতন জিনিষ আবিন্ধার হলো যে আমেরিকায় সুইচ টিপলে রাশিয়ার বম্ ফ্যাক্টারিতেও আঞ্চন লাগানো চলে।

তাই এতকাল ধ'রে এত পিস্ কন্ফারেন্স হওয়া সত্ত্বেও যে সমস্ত দর্পিত পাওয়ার একটা মাত্র যুদ্ধের

দ্বিভীয় বিপ্লব

কারখানাও বন্ধ করতে রাজি হয় নি, এবার তারাই আত্মরক্ষার জন্মে নিজের নিজের এক্সপ্লোসিবের কারখানা গুলো আগে থাক্তেই নষ্ট ক'রে ফেল্লে। কারণ যার যত এক্সপ্লোসিব সঞ্চিত থাক্বে তার নিজেরই হলো তত বেশী ভয়। নিত্য নৃতন আবিষ্কার হয়েই চল্লো, রেডিওর সাহায্যে সাবমেরিনও এখন চল্তে পারে। দেখা গেল জাপানে স্ইচ টিপলে জার্মানীর ম্যান অফ্-ওয়ারকে একেবারে বানচাল্ করা চল্বে। কাজেই যুদ্ধের স্থুল উপকরণগুলো হ'য়ে উঠ্লো অপ্রয়োজনীয়। এবং সকলেই কর্তে লাগলো রেডিও নিয়ে এস্কপেরিমেন্ট।

কিন্তু কিছুদিন পরে হঠাৎ একদিন রেডিও প্রোটেক্টিভ এক অন্তুত মেশিন তৈরী হয়ে যেতেই আবার সব কিছুরই হলো প্রয়োজন। এবং কের সেই সব গ্যাসবম্ব নিয়ে ন্তন ক'রে এক্সপেরিমেণ্ট আরম্ভ হলো। কিন্তু যতই ভয়াবহ গ্যাসই হ'ক না কেন, তারও একটা কিছু না কিছু এ্যান্টিডোট বেরিয়ে পড়ে—এ-ও হলো আর একটা মুক্ষিল। কয়েকদিন হলো ক্ষতস্থান গুলো শুকিয়ে আসায় পাইলট বেশ স্বস্থ হ'য়ে উঠেছে।

লোকটাকে বাঁচিয়ে তুলে ইন্দ্রানী আজ এমন একটা আনন্দ পেয়েছে যে-আনন্দ আর জীবনে ওর কোন দিন আস্বাদ করা হয় নি!

আজন্ম একটা মিষ্টিরিয়াস এ্যাট্মস্ফিয়ারের মধ্যেই ও বড় হ'য়ে উঠেছিলো। নেশার মতই একটা ঝোঁকের মধ্যে প'ড়ে, বহু লোকের সঙ্গেই ওকে করতে হয়েছিল প্রেমের অভিনয়। বহু নরনারীকে 'ও' নিজের হাতেই খুন্ ক'রে এসেছে, আর তাই সমস্ত হৃদয়টা ওর ঠিক যেন পাষাণের মতই কঠিন হ'য়ে উঠেছিলো। এমন কি মামুষকে খুন ক'রে, এক এক দিন 'ও' আননদও পেয়েছে সত্যি।

কিন্তু কচি ছেলের মতই অসহায় একটা অজ্ঞান মানুষকে বাঁচিয়ে তোলার মধ্যে যে একটা নৃতন আনন্দ থাকতে পারে সেটা 'ও' জীবনে এই সর্ব্ব প্রথম উপলব্ধি করলো।

একদিন সকালে একটা অদ্ধকার আণ্ডার গ্রাউণ্ড সেলের মধ্যে ব'সে, পাইলটকে লক্ষ্য ক'রে ইন্সানী বলছিল—

দ্বিতীয় বিপ্লব

"ঠিক ভোমার মতন আমিও একটা অর্কান জন্মের পর-মুহুর্ত্তেই ত্বার-পড়া শীতের রাতে বাপ মা আমায় একটা নির্জন পথের ধারেই ফেলে দিয়ে চ'লে গিয়েছিলো; কিন্তু আসন্ত্র মৃত্যুর হাত থেকে তখন এই বৃদ্ধই আমাকে বাঁচিয়ে ভোলে।"

"কিন্তু কে এই বৃদ্ধ! বল ত ? অমন একটা
আমান্থবিক লম্বা ও স্থগঠিত চেহারা জীবনে আর কখনও
দেখেছি বলে'তো মনে হয় না। লোকটাকে দেখলে কে
বলবে যে ওর বয়স হয়েছে এক শ' বছরের উপর। আর
এও কি সম্ভব—এক'শ বছরের পরেও মান্থ্য কি এমন
ভাবে বেঁচে থাকতে পারে! এটা সভ্যিই আশ্চর্য্য।"

"কিছুই অসম্ভব নয়। গত একুশ বছর ধ'রে আমিই ত ওকে এই একই রকম দেখে আসছি। তবু কে এই বৃদ্ধ সে কথা আমিও জানিনে। আর আমাকে ও মানুষ করেছে বলেই হ'ক অথবা যে কারণেই হ'ক আমার উপর ওর যে একটা অসম্ভব প্রভাব আছে, তা' আমি বেশ অমুভব করতে পারি। আর সে জ্মুই ত আমায় দিয়ে কত লোককে যে ও খুন করিয়ে নিয়েছে তারও কোন ইয়তা নেই। ওরই আদেশে তাদের সঙ্গে আমি প্রেমের অভিনয়ও করেছিলুম!

তারপর সমস্ত পৃথিবীর উপর কর্তৃত্ব ক'রে মান্থবের উপর প্রতিশোধ নেবার একটা দারুণ তুরাকাজ্ঞা ওই ত আমার মাথার মধ্যে চুকিয়ে দিয়েছিলো। কিন্তু যাক সে কথা, বেশ লাগছিল তোমার জীবনের কাহিনী শুনতে—আছা! ব্যারনের মেয়েটাকে তুমি কি নিতাস্তই ভাল বেসেছিলে ?"

"না মোটেই না, আমরা পরস্পারের এই শারীরিক স্থূলতাকেই কেবল কামনা করেছিলুম। আর কিছু নয়।"

"হাঁ, তারপর কি হলো ?"

"তারপর আর কি হবে! ছদ্ধনে একদিন ইলোপ করলুম। কিন্তু ব্যারণের সম্মানে যে এতে আঘাত লেগেছিলো, তাই ভিতরে ভিতরে আমাদের খোঁজ চল্তে লাগলো এবং শেষকালে একদিন বেকায়দায় আমরা ধরাও পড়ে' গেলুম। এর পর হয়ত আমার আজীবন কারাদণ্ড হতো; কিন্তু তার আর প্রয়োজন হলো না। তবে এমন একটা অন্তুত ঘটনা হ'ল, যে হয়ত তারই জন্ম ও গিয়ে আত্মহত্যা করেছিলো। আর আমি গিয়ে, যোগ দিলুম এক রেভোলিউসনারি দলে;

দ্বিভীয় বিপ্লব

তারপর স্থযোগ বুঝে ব্যারন্কে একদিন নিষ্ঠুর ভাবে হত্যা ক'রে আমিও একদিন প্রতিশোধ নিয়েছিলুম।"

"কিন্তু আমি যে কিছুই বুচ্ছিনে—কি এমন অভুত ঘটনা হয়েছিল যাতে ক'রে আজীবন কারাদণ্ড হওয়ার চেয়েও তোমরা বেশীরকম আঘাত পেয়েছিলে।"

"সে কথা শুনে আর কি হবে! ওর যখন খুব এ্যাডভান্ট ষ্টেজ, প্রায় ন'-মাস, তখন একদিন ওকে নিয়ে হস্পিটালে গিয়েছিলুম; কিন্তু ডাক্তার ওকে দেখে বল্লো—আরও কয়েকদিন পরে এলেও চল্বে। তাই আমরা বেরিয়ে আসছি, ঠিক এমনি সময় আমাদের এ্যারেষ্ট করা হয়।

"ছ'দিন জেলের মধ্যেই কাটলো, তৃতীয় দিন রাত্রে, ব্যারন্ নিজেই মেয়েকে বুঝোতে এসেছিলো, যদি আমাকে 'ও' ছেড়ে দেয় তাহলে শুধু আমারই হবে কারাদণ্ড। আর তা না হ'লে আমাদের ছ'জনকেই রিভলভারের মুখে প্রাণ দিতে হবে। সে এতে কখনই রাজী হতো না, একথা আমি জানি, কারণ আমরা ছজনেই পরস্পার পরস্পারকে উপভোগ কচ্ছিলুম। কাজেই শাস্তি হোলে একা শুধু আমাকেই তার সবটা সে কখনই নিতে দিতো না; তাই আসন্ধ মৃত্যুর জন্মে আমরা যখন প্রস্তুত হচ্ছি, ঠিক্ দেই সময় জেলের দরজা খুলে ভিতরে এল ব্যারন্। কিন্তু আশ্চর্য্যের বিষয়, যে লোকটার হাতে ছিলো মুহুর্ত্তের মধ্যেই আমাকে মেরে ফেলবার ক্ষমতা, আমাকে দেখে সেনিজেই পিছিয়ে গেল দশ হাত। তারপর ধরাগলায় চেঁচিয়ে উঠলো,—সর্ব্বনাশী করেছিস কি ? নিজের ভাইকেই.....

আমরা ছ্জনেই স্তম্ভিত হ'য়ে গেলুম, আর তার পর কি হলো তা তো আগেই শুনেছো।"

"কিন্তু তোমরা ভাই বোন বলে' এমন কি ক্ষতি হয়েছিলো কিছুই তো বৃঝলুম না!"

"ক্ষতি ! কই, আমার হয়ত কিছুই হয় নি । আর 'ও' হয়ত আত্মহত্যা করেছিলো, সেও হয়ত শুধু ক্ষণিকের একটা উত্তেজনায়।…

"কিন্তু ব্যারণকে আমি খুন করলুম কেন ?

"...সে শুধু প্রতিশোধ নেবার জন্মে। কোন অধি-কারে আমাকে ও পৃথিবীতে এনেছিলো? যার জন্মে আমার সহা করতে হয়েছে কত রকম কষ্ট। অরফান কলেজে পড়বারু সময় নিজের এই লজ্জিত জন্মের কথা শারণ ক'রে আমার একদিন আত্মহত্যা করবার

ৰিভীয় বিপ্লব

ইচ্ছে হয়েছিল কিন্তু তা আর হ'য়ে উঠেনি সভ্য; তবে তারপর সহ্য করতে হয়েছে আমায় কত রকম কট্ট, কত ট্রাগল্ ক'রে নিজেকে আমি আজ অবধি বাঁচিয়ে রেখেছি তার ইয়ত্তা নেই। আর সেই জ্ঞেই তো আমার এই জ্ঞীবনের উপর কেমন একটা মায়া পড়ে' গেছে, যার জ্ঞান্থ এখন আমার মরতে হয়তো দল্ভর মতন কট্ট হবে। এখন মানুষের উপর প্রতিশোধ নেওয়াই হচ্ছে আমার ব্রন্ত। সমস্ত পৃথিবীকে যদি শাস্তি দিতে পারি তবেই আমার এই প্রতিহিংসার চরিতার্থহবে। এসো—এসো—এখান থেকে আমরা পালিয়ে যাই। তুমি কি আস্বে আমার সঙ্গে ?"

"হাঁ, যাবো। আমায় কি তুমি নিয়ে যাবে ? নিয়ে যাও, সভিয়। আমায় তুমি নিয়ে যাও, আমায় তুমি উদ্ধার করো এখান থেকে। তৃদ্ধনেই আমরা একপথে। আদ্ধৃ আমন্ধা বন্ধু।"

হাও সেকের উদ্দেশে ইন্দ্রানী পাইলটের দিকে হাডটা বাড়িয়ে দিলে, ইন্দ্রাণীর হাত ধরে' পাইলট্ একটা ঝাঁকুনি দিয়ে বল্লে—

"হাঁা, ভাই হবে। আর দেরী করার কোন দরকার নেই, আজ রাত্রেই আমাদের বেরুতে হবে এখান থেকে। চারিদিকে হয়তো বার্বড্-ওয়্যার-কেন্স দেওয়া থাক্বে তখন। কিন্তু সেজফু আমি ভয় করি নে। অফ্রান কলেজে পড়বার সময় সায়েন্স্ আর জিওগ্রাফিতে আমি বহুবার ফার্ছ হয়েছি।"

আকাশের বুকের মধ্যিখানে ফুটে উঠেছে ঘুমের মতই ঠাণ্ডা চাঁদের একটা চাক্তি। ইন্দ্রানী ও পাইলট্ পরস্পরের হাত ধরাধরি ক'রে প'ড়ো বাড়িটার গেটের বাইরে এসে দাড়ালো।

তারপর একটা মৃক্তির নিঃশ্বাস ফেলে যেই ওরা সম্মুখের পথে এগিয়ে যেতে যাবে, ঠিক সেই সময় একটা বিকট অট্টহাসিতে ওদের চমক ভাঙ্লো—হা—হা—হা—এবং পিছন ফিরে চেয়ে ত্'জনেই ওরা আশ্চর্য্য হয়ে দেখলে হাতে সেই ভয়াবহ ব্লু-টর্চ্চ নিয়ে বৃদ্ধ ঠিক ওদের এক ইঞ্চি দূরেই দাঁড়িয়ে আছে। একটা মাত্র স্থইচ টিপতেই স্থ্র্ যেট্কুন্ সময় লাগে, তারপরে তু'জনেই ওরা অন্ধা!

নিরুপায় ইন্দ্রানী আর্ডস্বরে চেঁচিয়ে উঠলো— "ক্ষমা করো।"

দ্বিতীয় বিপ্লব

"ক্ষমা! হা—হা—হা— এ অপরাধের ক্ষমা নেই।
তুমি কি ভূলে গেছো, পৃথিবীর কি অবস্থার মধ্যে
তোমার জন্ম। আর শীতের রাত্রে, সেই তৃষারপাতের
মধ্যে, আসন্ধ মৃত্যুর হাত থেকে, তখন কে তোমায় রক্ষা
করেছিলো ? সে কথা কি একবারও ভেবে দেখেছো ?"

"জানি—জানি, সেজত্তে তোমার কাছে আজীবন কৃতজ্ঞ থাকবো।"

"কৃতজ্ঞ। তাহ'লে আর তোমার আজ্বের শিক্ষার সমস্ত আদর্শের মূলচ্ছেদ ক'রে একজন অপরিচিতের সঙ্গে এমনি ক'রে পালাবার চেষ্টা করতে না।"

"ক্ষমা করো, ক্ষমা করো।"

"ক্ষমা নেই। দরজার আড়াল থেকে তোমাদের সমস্ত পরামশই আমি শুনেছি। তবে এখনও মুক্তি পেতে পারো যদি ঐ লম্পট দম্যটাকে নিজে হাতেই এখুনি খুন করতে প্রস্তুত হও। ও তোমার আজীবন শিক্ষার সমস্ত সংস্থারকে গুড়িয়ে দিয়ে, নষ্ট ক'রে দিয়েছে তোমার ব্রত।"

"না—না—অসম্ভব। সে যে আমি কখনই পারবো না। আমি যে নিজে হাতেই ওকে মৃত্যুর কবল থেকে বাঁচিয়ে তুলেছি। তোমারই অমুরোধে অনেক মানুষকে খুন করেছি সত্যি, কিন্তু মানুষকে জীবন দেয়ার মধ্যে যে এত বড় একটা নিবিড় আনন্দ থাকতে পারে, তখন তা কে জানতো। তার চেয়ে আমায় তুমি মেরে ফেলো, আমি কখনই পারবো না।"

"হাং—হাং—তোমরা ভুলে যেতে পারো তোমাদের জীবনের কথা, ভালবাসার থাতিরে জীবনকে বলি দিতেও তোমরা কুঠিত নও। মানুষকে তোমরা মেনে নিতে পারো বন্ধু বলে'। কিন্তু আমি তা পারিনে। তবে আমি আরও একবার বল্ছি, যদি জীবনের উপর মায়া থাকে, তাহ'লে এখনও ভেবে দেখ্তে পারো।"

"উঃ! কি নিষ্ঠুর! তোমার কি এক্টুও মায়া নেই। মানুষের রক্তে তুমি কোন অজ্ঞাত যজ্ঞের তর্পন করবে, তা কে জানে। কিন্তু এত মানুষ খুন করা সত্ত্বে এখনও কি তোমার রক্তের তৃষ্ণা মিট্লো না। তবে জিজ্ঞেস করি আমাকেই বা এতদিন মেরে ফেলনি কেন ? আচ্ছা,—তুমি কি মানুষ নও ?"

"না, আমি মানুষ নই। তবে শোন, তোমাদের এই জীবন মরণের সন্ধিক্ষণে একটা চিরদিনের গুপু কথা আজু প্রকাশ করি। আমি জীবস্তু একথা মিথো

ষিভীয় বিপ্লব

নয় কিন্তু আমি নারীও নই, পুরুষও নই 🕴 জগতের উপহাদের বস্তু হ'য়েই আমার জন্ম আর তাই দয়া মায়ার একটুও আমি ধার ধারি নে। নর নারীর সৌন্দর্য্য ও প্রেম আমার কাছে অর্থহীন। কিন্তু আমার এই আজ্ঞরের লজ্জাকে আজীবন আমি স্বয়ে লুকিয়ে রেখেছি এমন কি আমার জন্মদাতারাও হয়তো জানে না! শিক্ষা শেষ হবার পর এ অন্ধকারের মধ্যেই নিজেকে আমি নির্কাসিত করেছিলুম, তারপর আমার সৃষ্টিকর্ত্তা প্রকৃতির উপর প্রতিশোধ নেবার জগ্যে দিনের পর দিন রিসার্চ করে' আবিস্থার করেছি—এই ব্লু-টর্চ্চ। তারপর তৈরী করেছি এক খাছ্য-বড়ী—যার একটী মাত্র বড়ীতেই এক বৎসরের ক্ষুধা তৃষ্ণা হ'য়ে যায় নষ্ট, পরমায়ু হয়ে যায় লক্ষগুণ, এর পরেও আবিষ্কার করেছিলুম বিশ্বের সমস্ত জীবস্ত প্রাণীকে এক মুহুর্ত্তের মধ্যে ধ্বংস করে' দেবার গ্যাস। কিন্তু সেই मह्म निष्मु ध्वःम इराय यात, এই ভয়েই তাকে नष्टे ক'রে ফেললুম। কিন্তু আমি নিজেও আজ অবধি ভেবে পাইনে সুধু তোমার কাছেই কেন আমি এত তুর্বল। তোমাকে সেই অসহায় মৃত্যুর হাভ থেকে আমি বাঁচিয়ে তুলেছিলুম, এই কি তার কারণ ? কিন্তু যাক্ সেকথা। এখনও বল্ছি, আমি তোমায় আর একবার ভেবে দেখবার সময় দিলুম।"

এইবার একবার পাইলটের ও একবার বৃদ্ধের মুখের দিকে চেয়ে, কি ভেবে ইন্দ্রানী দৃঢ় স্বরেই বলে' উঠলো ঃ "আচ্চা, আমি প্রস্তুত।"

এবং কম্পিত কলেবরে বৃদ্ধের হাত থেকে গুলিভরা নয়েজলেস রিভলভারটা নিয়ে আর মুহূর্ত্তমাত্র দেরী না ক'রে বৃদ্ধকেই লক্ষ্য ক'রে ইন্দ্রানী ট্রীগার টিপলে।

রক্তের স্রোতের মধ্যে অপ্রস্তুত বৃদ্ধের মৃত দেহটা লুটিয়ে পড়ার দঙ্গে সঙ্গে আনন্দের আতিশয্যে ইন্দ্রানী পাইলটের গলাটা জড়িয়ে ধরে' চীৎকার ক'রে উঠলোঃ

—"আজ আমি মুক্ত।"

তারপরে মৃত বৃদ্ধের হাত থেকে শ্বলিত ব্লু-টর্চটা ছিনিয়ে নিয়ে ওরা সেই অপূর্বে খান্ত-বড়ী ও অন্তান্ত জিনিষগুলো সংগ্রহের জন্ম আবার সেই পোড়ো বাড়ীর মধ্যে পুনঃ প্রবেশ করলে।

ভবিষ্যুৎ মহা-যুদ্ধের জ্বস্তে সমস্ত পৃথিবী ধখন প্রস্তুত, শুধু প্রথম গ্যাস-বম্বটা কে সর্ব্বাগ্রে ফেলে এই-টুকুই দেথবার জন্মে সমস্ত দেশ যখন আভক্ষে উদ্গ্রীব

দ্বিতীয় বিপ্লব

হ'য়ে আছে ঠিক এমন সময় হঠাৎ এক দিন বিছ্যাৎপাতে জার্মানীর গান পাউডারের কারখানায় আগুন লেগে কয়েকটা বড় বড় সহর ছাই হ'য়ে পুড়ে গেলো \

একদিনের একটা বড় টাইফুন ঝড়ে আমেরিক! মহাদেশটার থানিকটাই গেলো উড়ে।

ইংল্যাণ্ডে এমন একটা প্লেগ দেখা দিলে। যার আর কোন প্রতিকার নেই।

এদিকে য়্যাবিসিনিয়ার সঙ্গে যুদ্ধ ক'রে প্রচুর লোকক্ষয় হওয়ায়, ষ্টেট থেকে বিয়ে করার সমস্ত খরচ দিয়ে
জন্মহার বাড়াবার জন্মে ইটালি বহুরকম চেষ্টা করলেও
হঠাৎ একদিন বড় বড় গ্যাস ফ্যাক্টারীগুলো সেলফএক্সপ্লোড করায় লক্ষ লক্ষ মানুষের প্রাণ হয়ে গেলো
নষ্ট।

ভারতবর্ষের বহু জায়গা বক্সায় গেলো ডুবে। চায়নায় দেখা দিলো ফেমিন।

রাশিয়ার একটা দিকে এমন তুষারপাত হ'তে লাগলো, যাতে ক'রে ঘর-বাড়ী অবধি ডুবে যাবার জোগাড়।

তারপর অকস্মাৎ একদিন লাভার-স্রোতের মধ্যে

ডুবে গিয়ে গৰ্কিত জাপান হ'য়ে গেলো শুধু একতাল দিমেন্ট।

সর্বশেষে হঠাং একদিন বিশ্বব্যাপী এমন একটা ভূমিকম্প হলো যার ফলে এক মুহুর্ত্তের মধ্যে মানুষের পরিচিত দেশ ও দ্বীপগুলোর আর চিহ্নমাত্রও রইলো না।

কোন কোনটা পৃথিবীর অতল তলে অদৃশ্য হ'য়ে গিয়ে সৃষ্টি করলো এক একটা বড় বড় মহাসমুদ্র, আর কোন কোনট। ধ্বংসের স্তুপগুলোকে বুকে নিয়ে সুধু জনমানবহীন মকভূমির মতন খাঁ খাঁ কর্তে লাগলো।

এদিকে বহু কৌশলে সেই ব্লু-টর্চের সাহায্যে ভারতবর্ষের একটা জাহাজ পুট ক'রে, নিয়ে সেই আধ ভাঙাজাহাজে ক'রে সাধারণ জলদস্থার মতই পাইলট ও ইন্দ্রানী সমুদ্রে সমুদ্রে ভেসে বেড়াচ্ছিলো।

কিন্তু একদিন চায়নার ব্যাক্ষ থেকে গোল্ডবার নিয়ে যে চায়নিজ জাহাজটা যাচ্ছিলো, অসম্ভব রকম জল

বিভীয় বিপ্লব

ঝড়ের মধ্যে বার্মার কোষ্ট থেকে ক'একশো মাইল দ্রে গিয়ে সেই জাহাজটা লুট ক'রে নিয়ে অসংখ্য মাতুষ খুন ক'রে জাহাজটা ওরা সমুজের ভেতর \ড়বিয়ে দিয়েছিলো।

কিন্তু কিছুদিন গেলে ফেরবার সময় বে অব বেঙ্গলের উপর দিয়ে চার হাজার মাইল অবধি ঘুরেও ওরা কোষ্টের কোন চিহ্নই দেখতে পেল না।

আরও আশ্চর্য্যের বিষয় সমূদ্র যেখানে সব চাইতে রাফ্ হবার কথা সেই খানেই দেখা গেলো সমুদ্র তথন হ'য়ে গেছে নিথর হুদের মতই সমতল।

নিশ্চয় ওরা পথ ভূল করেছে এই ভেবে মাটীর অনুসন্ধানে ওরা আবার জাহাজ ঘুরিয়ে নিলো।

কিন্তু দিনের পর দিন মাদের পর মাস এই ভাবেই কেটে গেলো। চারিদিকে শুধু অথই সমুদ্রের নীল জল ভিন্ন এক ইঞ্চি মাটিও ওদের নব্ধরে আর পড়লো না।

বৃদ্ধের ল্যাবরেটারী থেকে যে সমস্ত খাছা-বড়ী ওরা সংগ্রাহ ক'রে এনেছিলো তাও প্রায় শেষ হ'য়ে এসেছে। দলের অক্সান্থ লোকজনের মধ্যে কেউ কেউ আতত্তে উন্মাদ হ'য়ে সমুদ্রেব জলে লাফিয়ে পড়ে আত্মহত্যা করেছে; আর কেউ কেউ বিজ্ঞাহী হ'য়ে ওদের খাভ-বড়ীগুলি কেড়ে নেবার চেষ্টা করায় ওরা নিজেরাই রুশংস হ'য়ে তাদের সকলকে হত্যা ক'রে ফেলেছে।

এমনিভাবে কিছুদিন কেটে যাবার পর শেষকালে এদিক ওদিক এধার ওধার বহু রকম অন্থুসন্ধান ক'রে হঠাৎ একদিন যে দেশের সন্ধান ওরা পেলো সেখানে ঘর বাড়ী অথবা জনমানবের চিহ্নমাত্রওনেই। চারিদিকে শুধু হলদে হলদে বালির স্তৃপ। মহা শৃষ্টের মাঝে মাথা উঁচু ক'রে আছে।

এতদিনে নিশ্চয় ওরা এরেবিয়ার কোন আন্নোন কর্ণারে এসে পড়েছে ভেবে, আবার নৃতন উন্থমে ইণ্ডিয়া লক্ষ্য ক'রে জাহাজটা ওরা ফিরিয়ে নিলো।

কিন্তু যে দেশকে এরেবিয়া বলে' ওরা ভূল করে-ছিলো আসলে সে হচ্ছে শিক্ষার সম্মান এবং বিজয় গৌরব দর্পিত ইউরোপের শেষ পরিণতি।

এক্সাভেট করলে সেই স্থাদ্র প্রসারিত বালির স্তৃপের মধ্যে রিস্ট্যাগের তু'একটা কুঠার অথবা ভাটিকান্ প্রাসাদের তু'একটা থাম যে দেখতে না পাওয়া যেতো তা নয়।

ইতিয়ার আশায় ওদের জাহাজ ফেরবার পর আর

দ্বিভীয় বিপ্লব

কোন দেশেরই কিন্তু কোন সন্ধানই পাওয়া গেলো না। আবার সেই জল আর জল, নীল, নিথর, ঘুমের মতই ঠাণ্ডা, সীমাহীন সমুদ্রের জল।

মাথার উপর আকাশও যেন ঠিক তেমনি ভাবে ঝিমিয়ে পড়েছে। জল ঝড়ের চিহ্ন মাত্রও সেই। কেবল হু'একটা সাদা সাদা শরতের মেঘ মাঝে মাঝে ভেসে বেডায় এদিক থেকে ওদিক।

ক্রমশঃ জাহাজের পালের কাপড় ও দড়াদড়িগুলো পর্য্যস্ত একে একে ছিঁড়ে আসতে লাগলো। গায়ে ওদের পোষাক পরিচ্ছদ নেই বললেই চলে, তব্ও অন্ধ উলঙ্গ অবস্থায় নিরুপায় মৃত্যুর জন্ম প্রস্তুত হয়ে সেই আধ-ভাঙা জাহাজে ক'রেই অজানা নিরুদ্দেশকে লক্ষ্য ধরে' সমৃত্রের উপর দিয়ে ভেসে চলতে থাকে।

অবশেষে সর্ব্যশেষে খাত্য-বড়িটিকে তু'টুকরো ক'রে খেয়ে নেবার পর, যেদিন জীবনের সমস্ত আশাই ওরা পরিত্যাগ করলে, ঠিক সেই দিনই সমুদ্রের শেষপ্রাস্ত থেকে কালো মেঘের মতোই সরু একটা চড়ার আভাষ পেয়ে কলম্বদের মতই ইণ্ডিয়া আবিদ্ধার হয়েছে এই

আশায় জাহাজটা ওরা ওই দিকেই চালানোর চেষ্টা করতে লাগলো।

কিন্তু তারপর যে দেশে এসে ওরা উপস্থিত হলো পৃথিবীর ম্যাপের মধ্যে সে দেশের কোনরকম উল্লেখ পাওয়া যায় না, মানুষের পায়ের চিহ্ন তখনও সেখানে পড়ে নি; কিন্তু এদেশের গাছে গাছে নানা রংএর ফুল, পাহ।ড়ের গায় গায় মিষ্টি জলের ছোট ছোট ঝরণা, অজস্র ফল, অপূর্ব্ব সৌন্দর্য্য, চারিদিকে অজস্র আলো।

জাহাজ থেকে নেমে নৃতন জীবনের আনন্দে উৎফুল্ল হয়ে ইন্দ্রানী বলে উঠলো "দেখেছো, এখানকার সবই কি অপূর্বব স্থানর; কিন্তু আজ আমরা এ কোন দেশে এসে উপস্থিত হলুম ?'

পাইলট উত্তর করলে, "জানিনে এ কোন নতুন দেশে এসে আমরা পোঁছেছি। পৃথিবীর ম্যাপ আঁকলে এদেশের ত কোন সন্ধান পাওয়া যায় না। তবে এখনও কি বুঝতে পারছো না সমস্ত পথিবীব্যাপী একটা পরিবর্ত্তন হ'য়ে গেছে যার ফলে কোথায় গেছে আমেরিকা আর কোথায় গেছে ইউরোপ তারও কোন উদ্দেশ নেই। আজ আমরা যে দেশে এসে পোঁছেছি সে দেশ হয়তো সমুজের বুকের মধ্যে থেকে এই মাত্রই উদ্ভাসিত হ'য়ে উঠল। গর্কিত মান্ন্য বিশ্বব্যাপী যে ওয়ার্ল্ড্ ওয়ারের কল্পনা করেছিল, কোন এক অদৃশ্য শক্তির একটি মাত্র অঙ্গুলীর সঙ্কেতে, সমস্ত পৃথিবীটাকে তার আগেই ধ্বংস ক'রে দিয়ে গেছে।

কিন্ত তোমাকে আজ এত স্থুন্দর দেখাচ্ছে কেন বলত ? তবে তুমি তো এমনি ছিলে—হঁটা চিরদিনই তো তুমি এমনি স্থুন্দর! অথচ কি আশ্চর্যা! তোমার মত একটা অপূর্ব্ব স্থুন্দরীকে নিয়ে এতকাল আমি পথে পথে ঘুরে বেড়িয়েছি, কিন্তু তোমাকে যেন এতদিন আমি দেখতেও পাই নি, সত্যিই আমি কি বোকা!"

রক্তিম ঠোঁটের উপর একটা সলজ্জ হাসি এনে ইন্দ্রানী উত্তর দিলে "আমার চোখে যে তোমাকেও আজ বড় স্থুন্দর লাগছে। আর এতদিন আমিও যেন ভূলে গিয়েছিলুম যে আমি একজন নারী।"

তারপর সেই নৃতন দেশের নৃতন মাটির সবৃদ্ধ ঘাসের উপর য়্যাভাম ও ইভের মতই হু'টী উলঙ্গ নরনারী নিবিড় আলিঙ্গনে আবদ্ধ হয়ে পরস্পরকে চুমু খেতে লাগলো।